ডেকো ডিজাইনস্ লিঃ

নরসিংহপুর,আশুলিয়া, ঢাকা

DDL-P-18

সমিতি গঠনের স্বাধীনতা নীতিমালা
(Freedom Of Association Policy)

১. পলিসি

উদ্দেশ্য ঃ শ্রমিক-মালিক/ শ্রমিক-শ্রমিক/ মালিক-মালিক সম্পর্ক নিয়ন্ত্রণ করার জন্য নিয়ম অনুযায়ী ট্রেড ইউনিয়ন/ যৌথ দর কষাকষি প্রতিনিধি/ট্রেড ইউনিয়ন ফেডারেশন গঠনের স্বাধীনতা প্রদানের উদ্দেশ্যে উক্ত নীতিমালা গঠন করা হয়েছে ।

লক্ষ্য ঃ শ্রমিক/ মালিকদের সমিতি গঠনের স্বাধীনতা প্রদান করা ও সংগঠন এর সদস্যদের আন্তর্জাতিক সংস্থা বা কনফেডারেশনের সম্বন্ধীকরণের অধিকার নিশ্চিত করা এ নীতিমালার প্রধান লক্ষ্য।

অঙ্গীকার ঃ ডেকো ডিজাইনস্ লিঃ সংঘবদ্ধ হওয়া বা সংগঠনের স্বাধীনতার নীতিমালা যথাযতভাবে মেনে শ্রমিকদের সার্বিক অধিকার নিশ্চিত করতে অঙ্গীকারাবদ্ধ।

আইনের তথ্য-নির্দেশ ঃ আন্তর্জাতিক শ্রম আইন-৮৭,৯৮, বাংলাদেশের প্রচলিত আইন ২০০৬-এর ১৭৬,১৯৬, ১৯৫ অনুযায়ী এবং সংশ্লিষ্ট আইনের সংশোধনী বিধি-২০১৫ মোতাবেক ।

এই নীতিমালা বাস্তবায়ন করার লক্ষ্যে নিযুক্ত সকল ব্যক্তির যোগ্যতা সাপেক্ষ্যে স্ব-স্ব পদে নিয়োজিত করা হয় এবং এর লক্ষ্য ও উদ্দেশ্য পূর্নাঙ্গভাবে সফল করার জন্য কমিটিতে প্রাপ্ত দায়িত্ব পালনের জন্য তাদের কাজের স্বাধীনতা প্রদান করা হয়।

২.কার্য-প্রনালী ও দায়িত্বশীল ব্যক্তি (Organogram /Responsible)

২.১ কার্য-প্রনালী (Organogram)



২.২দায়িত্বশীল ব্যক্তি/ বিভাগ

- **এডমিন,এইচ.আর এন্ড কমপ্লায়েন্স**

২.৩ দায়িত্বশীল ব্যক্তি (Responsible)

১. **পরিচালক**---প্রচলিত আইন অনুসারে সমিতি গঠনের স্বাধীনতা নিশ্চিত করবেন ও প্রয়োজনীয় পদক্ষেপে সহায়তা প্রদান করবেন।
২. **নির্বাহী পরিচালক**--- সমিতি গঠনের ক্ষেত্রে ও সমিতি পরিচালনায় আইন অনুযায়ী সহায়তা প্রদান করবেন।
৩. **জি.এম (এডমিন, এইচ.আর এন্ড কমপ্লায়েন্স)**--- সমিতি গঠনের স্বাধীনতায় ও কার্যকলাপে প্রশাসনিক সহায়তা প্রদান করবেন ।
৪. **সিনিয়র/ সহকারী ম্যানেজার (এডমিন, এইচ.আর এন্ড কমপ্লায়েন্স)**--- সমিতি গঠনের স্বাধীনতায় প্রয়োজনীয় পদক্ষেপের নিশ্চিয়তা প্রদান করবেন।
৫. **ওয়েলফেয়ার/ কমপ্লায়েন্স (এক্সিকিউটিভ/ অফিসার)**----প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান, নতুন শ্রমিকদের প্রশিক্ষণ প্রদান ও সংশ্লিষ্ট সেকশনে যোগাযোগ করবেন ।
৬. **এডমিন/এইচ.আর অফিসার (এক্সিকিউটিভ/ অফিসার)**----সকল কার্যকলাপে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবেন ও নিয়োগের সময় সমিতি গঠনে স্বাধীনতা প্রদানে কোন সর্ত আরোপ না করে নিয়োগ নিশ্চিত করবেন ।
৭. **বিভাগীয় প্রধান (উৎপাদন)**----- সেকশন প্রধানরা সমিতি গঠনে সময় প্রদান করবেন ও উক্ত ব্যক্তির কাজ পরিচালনায় সহায়তা প্রদান করবেন ।
৮. **শ্রম পরিচালক**--- সকল কাজ আইন অনুযায়ী পরিচালনা করবেন ।
৯. **শ্রম আদালত**---- সমিতি গঠনে কোন রায়ে অসন্তোষ দেখা দিলে তা নিস্পত্তি করবে।

৩.রুটিন ও পদ্ধতি (Routine & Procedure)

৩.১ কাজের রুটিন (Implementation Routine)

কাজের রুটিন	দায়িত্বপ্রাপ্ত ব্যক্তি	কাজের পদ্ধতি	কখন
নিয়োগ	মহা-ব্যবস্থাপক (এডমিন,এইচ আর, কম্প্লায়েন্স)	ট্রেড ইউনিয়নের সদস্য পদে আগ্রহী প্রার্থী বা সদস্যদের চাকুরির নিয়োগ ও নিয়োগ সংক্রান্ত শর্তাবলীতে কোন প্রভাব বিস্তার না করে নিয়োগে স্বাধীনতা প্রদান করা হবে ।	নিয়োগের সময়
চাকুরীর শর্ত	মহা-ব্যবস্থাপক (এডমিন,এইচ আর, কম্প্লায়েন্স)	চাকুরী হতে বরখাস্ত,অব্যাহতি, ডিসচার্জ, চাকুরীর শর্ত, কাজের শর্ত এর উপর প্রভাব বিস্তার না করে সমিতি গঠনের স্বাধীনতা প্রদান করা হবে । এছাড়া সমিতি গঠন সংক্রান্ত কোন কাজে বা দ্বায়িত্ব পালনে সময়ের প্রেক্ষিতে কোন মজুরি কর্তন করা হবে না ও কর্মসময়ে সে উক্ত দ্বয়িত্ব পালন করতে পারবেন ।	সবসময়
বৈষম্য	মহা-ব্যবস্থাপক (এডমিন,এইচ আর, কম্প্লায়েন্স)	চাকুরীর শর্তাবলী বা কাজের শর্তাবলীর উপর কোন বৈষম্য সৃষ্টি না করে সমিতি গঠনের স্বাধীনতা প্রদান করা হবে ।	সবসময়
বল পূর্বক শ্রম	মহা-ব্যবস্থাপক (এডমিন,এইচ আর, কম্প্লায়েন্স)	কোন ভীতি প্রদর্শন, বল প্রয়োগ, চাপ প্রয়োগ, হুমকি প্রদর্শন, কোন স্থানে আটক,শারীরিক আঘাত, পানি, এবং শক্তি সুবিধা বিচ্ছিন্ন করে বা অন্ন কোন পন্থা অবলস্বন করে কোন যৌথ দরকষাকষি প্রতিনিধি কর্মকর্তাকে কোন চুক্তিতে উপনীত হওয়া অথবা হওয়ার অথবা নিস্পত্তি নামায় দস্তখত করার জন্য বাধ্য না করে সমিতি গঠনের স্বাধীনতা প্রদান করা হবে ।	সবসময়
হয়রানী মূলক আচরণ	মহা-ব্যবস্থাপক (এডমিন,এইচ আর, কম্প্লায়েন্স)	যেকোন শারীরিক , মানসিক, বাচনীক হয়রানী না করে সমিতি গঠনের স্বাধীনতা প্রদান করা হবে ।	সবসময়
দুর্নীতি প্রতিরোধ	মহা-ব্যবস্থাপক (এডমিন,এইচ আর, কম্প্লায়েন্স)	যৌথ দর কষাকষি প্রতিনিধি কর্মকর্তাকে কোন চুক্তিতে উপনীত হওয়ার অথবা নিস্পত্তি নামায় দস্তখত করা, আর্থিক লেনদেন না করে সমিতি গঠনের স্বাধীনতা প্রদান করা হবে ।	সবসময়

লক আউট	মহা-ব্যবস্থাপক (এডমিন,এইচ আর, কম্প্লায়েন্স)	বেআইনি লক আউট না করে সমিতি গঠনের স্বাধীনতা প্রদান করা হবে ।	সবসময়
প্রশিক্ষণ	কমপ্লায়েন্স/ ওয়েলফেয়ার অফিসার	সকল শ্রমিক এবং মধ্যপর্যায়ের কর্মকর্তাকে সমিতি গঠনের স্বাধীনতা প্রদান নীতিমালা সম্পর্কে প্রশিক্ষণ প্রদান করা হয় ।	রুটিন অনুসারে / বছরে কমপক্ষে ২ বার
অংশগ্রহকারী কমিটি	মহা-ব্যবস্থাপক (এডমিন,এইচ আর, কম্প্লায়েন্স)	প্রতিষ্ঠানে যৌথ দর কষাকষি প্রতিনিধি না থাকলে আইন অনুযায়ী প্রতিষ্ঠানের শ্রমিক দ্বারা মনোনিত/ নির্বাচিত অংশগ্রহকারী কমিটির সদস্যরা যৌথ দরকষাকষি প্রতিনিধির দ্বায়িত্ব পালন করতে পারবেন।	সবসময়
আভ্যন্তরীন অডিট	কমপ্লায়েন্স/ ওয়েলফেয়ার অফিসার	আভ্যন্তরীন অডিটের মাধ্যমে সমিতি গঠনের স্বাধীনতা পর্যবেক্ষন করা হবে।	দ্বি-মাসিক

৩.২ .যোগাযোগের রুটিন (Communication Routine)

বিষয়	পরিচালনাকারী প্রতিনিধি	পরিচালনা পদ্ধতি	কখন
উর্দ্ধতন কর্তৃপক্ষ	কমপ্লায়েন্স/ওয়েলফেয়ার অফিসার	মিটিং, ই-মেইল বা সরাসরি	প্রয়োজন অনুসারে
কার্য-প্রনালী কমিটি	কমপ্লায়েন্স/ওয়েলফেয়ার অফিসার	দায়িত্ব ও কর্তব্য সঠিকভাবে পালন হচ্ছে কিনা তা মনিটরিং	সমস্যা পরিলক্ষিত হলে

৩.৩ তথ্য সংগ্রহ ও নিয়ন্ত্রন (Feedback & Control Routine)

বিষয়	পরিচালনাকারী প্রতিনিধি	কখন	কিভাবে/কাকে
আভ্যন্তরিন অডিট	কম্প্লায়েন্স / ওয়েলফেয়ার অফিসার	দ্বি-মাসিক	চেকলিষ্ট ও প্রশ্নোত্তরের মাধ্যমে
রিপোর্ট প্রদান	কম্প্লায়েন্স / ওয়েলফেয়ার অফিসার	৩ দিনের মধ্যে	জি.এম (এডমিন, এইচ.আর এন্ড কমপ্লায়েন্স)
কার্যকরী উদ্যোগ	জি.এম (এডমিন, এইচ.আর এন্ড কমপ্লায়েন্স)	উপযুক্ত সময় সাপেক্ষ্যে	সংশ্লিষ্ট কাজে দায়িত্বশীল ব্যক্তিদের মাধ্যমে
সংশোধনমূলক ব্যবস্থা	কম্প্লায়েন্স / ওয়েলফেয়ার অফিসার/ এক্সিকিউটিভ	দ্বি-মাসিক	চেকলিষ্ট/অডিটের মাধ্যমে

৪. যোগাযোগ ও বাস্তবায়ন রুটিন (Communication & Implementation Routine)

উপরে উল্ল্যেখিত ৩.২ (যোগাযোগের রুটিন) ও ৩.১ (কাজের রুটিন) অনুসারে বাস্তবায়িত হয়।

৫. তথ্য সংগ্রহ ও নিয়ন্ত্রন (Feedback & Control)

উপরে উল্ল্যেখিত ৩.৩ (তথ্য সংগ্রহ ও নিয়ন্ত্রন) অনুসারে বাস্তবায়িত হয়।

উপরোক্ত নীতিমালা দেশের প্রচলিত আইন/ কোম্পানী আইন/ স্থানীয় আইন/ আন্তর্জাতিক আইন/ অনুসারে পরিচালিত হবে এবং এর কোন সংশোধন/ পরিমার্জন/ পরিবর্ধন হলে তা এর আওতাভুক্ত হবে ও পূর্বের বিষয়টি সংশোধিত হবে।

অনুমোদন কারী	ঃ	কল্লন এস হোসাইন
প্রস্তুতকারী	ঃ	কম্প্লায়েন্স বিভাগ
নীতিমালা কার্যকরের তারিখ	ঃ	২৪/০৫/২০১০
পুনঃমূল্যায়ন	ঃ	বছরে একবার
সবশেষ পুনঃমূল্যায়নের তারিখ	ঃ	১৬/০৭/২০১৭

অনুমোদনকারী ঃ পরিচালক, ডেকো গ্রুপ

স্বাক্ষর ও সিল ঃ

সমিতি গঠনের স্বাধীনতা নীতিমালা

অনুমোদনকারী ঃ পরিচালক, ডেকো গ্রুপ
স্বাক্ষর ও সিল ঃ
সমিতি গঠনের স্বাধীনতা নীতিমালা